**বাংলাদেশ কৃষি ব্যাংক**
প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
**মানিলন্ডারিং প্রতিরোধ সেল**
email: dcamlco@krishibank.org.bd
Phone: 02-47120513

প্রকা/আরএমডি(৩০)/ডাটা/২০২১-২২/৪০৮৬ তারিখঃ ২২-০৬-২০২২ ইং

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
০৪। সকল শাখা ব্যবস্থাপক (আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন বিষয়ক অগ্রগতির হার পর্যালোচনা প্রসংগে।**

০১। শিরোনামে বর্ণিত বিষয়ে গত ২৭-০৪-২০২২ ইং তারিখে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট প্রধানের সংগে রাষ্ট্রীয় মালিকানাধীন ৬টি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকসহ উপব্যবস্থাপনা পরিচালক (CAMLCO) মহোদয় এর সাথে অনুষ্ঠিত সভায় প্রদত্ত নির্দেশনানুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন প্রক্রিয়া আবশ্যিকভাবে বাস্তবায়নের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। ১৫-০৬-২০২২ ভিত্তিক গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন প্রক্রিয়া সম্পাদনের অগ্রগতির বর্তমান হার নিয়মিত গ্রাহকের বিপরীতে ৩৬.২১% এবং মোট গ্রাহকের বিপরীতে ২৮.৯৯%। বর্তমান অবস্থার প্রেক্ষিতে গত ১৫-০৬-২২ তারিখের তথ্য পর্যালোচনায় দেখা যায়, কিছু কিছু অঞ্চল/মুখ্য অঞ্চল যেমন-ময়মনসিংহ(উঃ), ময়মনসিংহ(দঃ), নেত্রকোনা, কক্সবাজার, লাকসাম, নোয়াখালী, কুমিল্লা, চাঁদপুর, লক্ষীপুর, শেরপুর, ভোলা, বরগুনা ও সুনামগঞ্জ এর মৌলিক তথ্যাদি সম্বলিত গ্রাহক সংখ্যার সাপ্তাহিক অগ্রগতির হার অসন্তোষজনক এবং অত্যন্ত হতাশাব্যঞ্জক।

০৩। এমতাবস্থায় বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট,বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনানুযায়ী গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষন ও সংশোধন প্রক্রিয়া ৩০-০৬-২২ এর মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে প্রদত্ত নির্দেশনাসমূহ সঠিকভাবে পরিপালনের জন্য জরুরী ভিত্তিতে নির্দেশনা প্রদান করা যাচ্ছে। এ বিষয়ে সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপকগনের ব্যক্তিগত উদ্যোগ ও তদারকি কামনা করা যাচ্ছে।

২২/০৬/২২

(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা
০৩।স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি/মহানথি।